

“দু’টি সন্তানের বেশী নয় একটি হলে ভাল হয়”

বাংলাদেশ রেশম গবেষণা ও  
প্রশিক্ষণ ইন্সটিটিউট  
রাজশাহী-৬২০৭।



Bangladesh Sericulture Research &  
Training Institute, Rajshahi-6207  
Tel. No. 880-721-776296,  
771704 & 771705 (PABX)  
Fax. No. 880-721-770913  
E-mail: bsrti@btbtb.net.bd  
www.bsrti.gov.bd

স্মারক নং- বারেগপ্রই/রাজ/মেইন-১৩৩/২০১৫/৫২২(১০)

তারিখঃ ১৫/১২/২০১৫।


নোটিশ

বিষয়ঃ রিকুয়েস্ট ফর কোটেশনের মাধ্যমে বিএসআরটিআই-এর রাসায়নিক দ্রব্যাদি সরবরাহ এবং গোবর সার সরবরাহ প্রসঙ্গে।

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, রাজশাহী কর্তৃক বাস্তবায়নধীন “গবেষণা ও প্রশিক্ষণের মাধ্যমে রেশম প্রযুক্তি উদ্ভাবন, দক্ষ জনশক্তি সৃষ্টি এবং প্রযুক্তি হস্তান্তর” শীর্ষক কর্মসূচীর আওতায় রাসায়নিক দ্রব্যাদি ক্রয়ের (প্যাকেজ নং-SGCAM-01/2015) এবং গোবর সার (Cow-dung fertilizer) ক্রয়ের (প্যাকেজ নং- SGFAT-01/2015) লক্ষ্যে রিকুয়েস্ট ফর কোটেশনের মাধ্যমে উক্ত সরবরাহ কাজের জন্য সরবরাহকারী প্রতিষ্ঠান/ঠিকাদারী প্রতিষ্ঠান-এর নিকট হতে সীলগালা অবস্থায় দরপত্র আহবান করা যাচ্ছে। খামের উপরে কাজের নাম ও প্যাকেজ নং উল্লেখ করতে হবে। দরপত্রে উক্ত মালামাল ও সরঞ্জামাদি সরবরাহ কাজের দর অংকে এবং কথায় উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট দরপত্র (সিডিউলসহ) আগামী ২৯/১২/২০১৫ইং তারিখ অফিস চলাকালীন সময়ে পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, রাজশাহী হতে দরপত্র সংগ্রহ করা যাবে। আগামী ৩০/১২/২০১৫ইং তারিখ দুপুর ১-০০ ঘটিকা পর্যন্ত পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, রাজশাহীর টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র উল্লেখিত সময়ের মধ্যে ডাকযোগেও গ্রহণ করা হবে। প্রাপ্ত দরপত্র ঐ দিনই দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) বেলা ৩-০০ ঘটিকায় খোলা হবে। কোন কারণে ঐ দিন দরপত্র খোলা সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে খোলা হবে। উল্লেখ্য দরপত্রের (সিডিউলসহ) সাথে মালামালের স্পেসিফিকেশন সংযুক্ত থাকবে।

**শর্তাবলীঃ**


- ১। সফল দরদাতাকে আগামী ৩০/০১/২০১৬ইং তারিখের মধ্যে সমুদয় মালামাল বিবিধ/বৈজ্ঞানিক ভান্ডার, বারেগপ্রই, রাজশাহী-তে নিজ খরচে পৌঁছাতে হবে।
- ২। সরবরাহকৃত মালামালের গুণাগুণ প্রত্যয়ন কমিটির প্রত্যয়ন সাপেক্ষে একাউন্ট পেয়ই চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ৩। বিল পরিশোধের সময় সরকারী নিয়মানুযায়ী ভ্যাট এবং ট্যাক্স কর্তন করা হবে।
- ৪। কর্তৃপক্ষ সর্বনিম্ন দরপত্র গ্রহণ করতে বাধ্য নহে এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৫। দরপত্রে একক দর ও মোট দরের গরমিল দেখা দিলে একক দরের ভিত্তিতেই দর বিবেচনা করা হবে। দরপত্রের সাথে সরবরাহকারী প্রতিষ্ঠান/ঠিকাদারী প্রতিষ্ঠান-এর ট্রেড লাইসেন্স/লাইসেন্স ও ২০১৩-২০১৪ অর্থ বছরের আয়কর সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে।
- ৬। পিপিআর-২০০৮ অনুযায়ী কোটেশন দরপত্র সম্পূর্ণ সিলগালা অবস্থায় নির্ধারিত অফিসে দরপত্র দাখিল করতে হবে।

  
মোঃ জামাল উদ্দীন শাহ্

(যুগ্ম-সচিব)

পরিচালক

বারেগপ্রই, রাজশাহী।

  
১৫/১২/১৫

বিতরণঃ

.....  
.....  
.....

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। প্রশাসনিক কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী। আপনার নোটিশ বোর্ডে টাঙ্কিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হ'ল।
- ২। স্টেশন মাস্টার, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী। আপনার নোটিশ বোর্ডে টাঙ্কিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হ'ল।
- ৩। জনাব মোঃ সাখাওয়াত হোসেন, গবেষণা কর্মকর্তা, বারেগপ্রই-কে অত্র ইন্সটিটিউটের ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য বলা হ'ল।
- ৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, বারেগপ্রই, রাজশাহী।
- ৫। নোটিশ বোর্ড, বারেগপ্রই, রাজশাহী।